



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৮৬.১৫-৩৬২৬

তারিখঃ ২২/০২/২০১৬ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের পুরস্কার নীতিমালা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত বর্তমান সরকারের একটি অগ্রাধিকার প্রকল্প। সংশ্লিষ্ট সকলের সমন্বিত উদ্যোগের ফলে প্রকল্প কাজের অগ্রগতি লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন সম্ভব হচ্ছে। প্রকল্পের কার্যক্রম অধিকতর সফলভাবে এগিয়ে নেয়ার লক্ষ্যে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য প্রকল্পের উপকারভোগী ও বাস্তবায়ন কার্যক্রমে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের ভাল কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে সুফলভোগী ও কর্মকর্তা-কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য প্রকল্পের পুরস্কার নীতিমালা প্রণয়ন করা হয়েছে। প্রণীত পুরস্কার নীতিমালা অনুসরণপূর্বক যোগ্যপ্রার্থীদের প্রকল্প হতে পুরস্কার প্রদান করা হবে।

এমতাবস্থায়, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের জন্য প্রণীত পুরস্কার নীতিমালার ০১ প্রস্থ আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. পরিচালক (সরেজমিন/পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।
২. যুগ্ম পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
৩. জেলা প্রশাসক, জেলাঃ -----।
৪. জেলা কৃষি/মহিলা বিষয়ক অফিসার, জেলাঃ -----।
৫. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।
৬. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ-----জেলাঃ-----।
৭. উপজেলা পল্লী উন্নয়ন/কৃষি/মহিলা বিষয়ক অফিসার, উপজেলাঃ-----জেলাঃ-----।
৮. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৯. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
১০. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
১১. সংশ্লিষ্ট নথি।